

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: সাস্টেইনেবল ফাইন্যান্স এর ক্ষেত্রে গ্রীন বন্ডের ছাড়াও ব্লু বন্ড এবং সুকুক নিয়েও কাজ করছে কমিশন- বিআইসিএম আয়োজিত আন্তর্জাতিক সম্মেলনের সমাপনী সেশনে ড. শেখ শামসুদ্দিন আহমেদ

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটে (বিআইসিএম) আয়োজিত “ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সাস্টেইনেবল ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট ২০২১” শীর্ষক দুইদিন ব্যাপী আন্তর্জাতিক ভার্সুয়াল সম্মেলন আজ (০৭ এপ্রিল ২০২১ তারিখে) শেষ হয়েছে।

আন্তর্জাতিক সম্মেলনটির সমাপনী সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. শেখ শামসুদ্দিন আহমেদ, কমিশনার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শন কিডনী, কো-ফাউন্ডার ও সিইও, ক্লাইমেট বন্ডস ইনিশিয়েটিভ; রিকো ব্যাংক, সিনিয়র ডিরেক্টর, এশিয়া প্যাসিফিক, ইন্টারন্যাশনাল ক্যাপিটাল মার্কেট অ্যাসোসিয়েশন। এখানে, ভিডিও বার্তার মাধ্যমে শুবোচ্ছা জানান, বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন। সমাপনী সেশনে “Redesigning the financial architecture of Bangladesh: An action plan” বিষয়ের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের নির্বাহী প্রেসিডেন্ট অধ্যাপক ড. মাহমুদা আক্তার এবং পরিচালক (স্ট্যাডিজ) জনাব ওয়াজিদ হাসান শাহ।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ বলেন, সাস্টেইনেবল ফাইন্যান্স এর ক্ষেত্রে গ্রীন বন্ডের বাইরে ব্লু বন্ড এবং সুকুক নিয়েও কাজ করছে কমিশন। তিনি পুঁজিবাজারে সকল ক্ষেত্রে ডিজিটাইজেশনের উপর গুরুত্বারোপ করেন। মনিটরিং এবং সুপারভিশন বৃদ্ধির পাশাপাশি টেকসই উন্নয়নের ক্ষেত্রে সকল স্টেক হোল্ডারদের মানসিকাতায় পরিবর্তন আনতে হবে। স্টেক হোল্ডারদের মানসিকাতায় পরিবর্তনে বিআইসিএম সহ সংশ্লিষ্ট শিক্ষা, গবেষণা ও ট্রেনিং প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

পরে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের নির্বাহী প্রেসিডেন্ট অধ্যাপক ড. মাহমুদা আক্তার কোভিড পরিস্থিতির মাঝেও সুষ্ঠুভাবে সম্মেলন আয়োজন এবং অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সম্মেলনটি

সমাপ্ত ঘোষণা করেন।

Mahmuda Akter

৭-৪-২০২১

ড. মাহমুদা আক্তার

নির্বাহী প্রেসিডেন্ট

ফোন: ৯৫১৫৭৭১-২

ফ্যাক্স: ৯৫১৫৭৭৩-৪

ইমেইল: ep@bicm.ac.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ শাখা, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (সাংবাদিকদের প্রেরণের জন্য)
- ২) সহকারী সিস্টেম এডমিনিস্ট্রেটর, আইটি বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (ওয়েবসাইটে আপলোডের জন্য)